**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**MADHYAMIK PARIKSHA (SECONDARY EXAMINATION) JUNE, 2024**

# ভূগোল

**(পুরাতন পাঠক্রম)**

# Geography

**(Old Syllabus)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** — **পূর্ণমান ঃ ৯০**

**Time: 3 Hours 15 Minutes** — **Full Marks: 90**

Who registered their names before June, 2023

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No.
in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।
The first 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

<u>প্রত্যেক পরীক্ষার্থীকে ভারতের মানচিত্র দিতে হবে।</u>
<u>Indian Map to be given to all candidates.</u>

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।
Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-'ক'

## Group-A

**1.** বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ

Write the correct answer from the given alternatives: 1×14=14

(i) হিমালয় পর্বত হল

The Himalayan range is

(a) ক্ষয়জাত পর্বত
Erosional mountain

(b) আগ্নেয় পর্বত
Volcanic mountain

(c) স্তূপ পর্বত
Block mountain

(d) ভঙ্গিল পর্বত
Fold mountain

(ii) যান্ত্রিক আবহবিকারের প্রাধান্য দেখা যায়

Mechanical weathering is prominent in

(a) তুন্দ্রা অঞ্চলে
Tundra region

(b) নিরক্ষীয় অঞ্চলে
Equatorial region

(c) মেরু অঞ্চলে
Polar region

(d) মরু অঞ্চলে
Desert region

(iii) মরা জোয়ার হয়

Neap tides occur at

(a) অমাবস্যা তিথিতে
New moon

(b) পূর্ণিমা তিথিতে
Full moon

(c) শুক্ল ও কৃষ্ণ পক্ষের অষ্টমী তিথিতে
First and Third quarter of the moon

(d) সবগুলিই প্রযোজ্য
All of them

(iv) পশ্চিমবঙ্গে কালবৈশাখীর প্রভাব দেখা যায়

'Kalbaishakhi' of West Bengal occurs in

(a) শীত ঋতুতে
Winter season

(b) শরৎ ঋতুতে
Autumn season

(c) বর্ষা ঋতুতে
Rainy season

(d) গ্রীষ্ম ঋতুতে
Summer season

(v) ভারতে সর্বাধিক বক্সাইট উৎপাদক রাজ্য হল

Highest bauxite producing state of India is

(a) আসাম
Assam

(b) ওড়িশা
Odisha

(c) রাজস্থান
Rajasthan

(d) পাঞ্জাব
Punjab

(vi) একটি রবিশস্যের উদাহরণ হল

One example of Rabi crop is

(a) মিলেট
Millet

(b) আখ
Sugarcane

(c) পাট
Jute

(d) গম
Wheat

(vii) তাপ্তী নদী উৎপত্তি লাভ করেছে

The Tapti river rises from the

(a) মহাকাল পাহাড় থেকে
Mahakal range

(b) মহাদেব পাহাড় থেকে
Mahadeb range

(c) কৈমুর পাহাড় থেকে
Kaimur range

(d) গারো পাহাড় থেকে
Garo range

(viii) কুরোশিও যে মহাসাগরের উষ্ণস্রোত সেটি হল

Kuroshio is a warm current of

(a) আটলান্টিক মহাসাগর
Atlantic ocean

(b) প্রশান্ত মহাসাগর
Pacific ocean

(c) ভারত মহাসাগর
Indian ocean

(d) সুমেরু মহাসাগর
Arctic ocean

(ix) রেগুর মাটিতে সবথেকে ভালো জন্মায়

The crop best thrives in regur soil is

(a) কার্পাস
Cotton

(b) ধান
Paddy

(c) পাট
Jute

(d) চা
Tea

(x) দুটি নদী অববাহিকার মধ্যবর্তী উচ্চভূমিকে বলে

The highland between two river basins is called

(a) জল বিভাজিকা
Water divide

(b) নদীমঞ্চ
River terrace

(c) স্বাভাবিক বাঁধ
Natural levee

(d) দোয়াব
Doab

(xi) মরুভূমিতে বায়ু দ্বারা বালুকণা উত্থিত এবং অপসারিত হয় যে প্রক্রিয়ার সাহায্যে তা হল

The process by which sands from the desert surface are lifted and swept away by wind is

(a) অপসারণ
Deflation

(b) অবঘর্ষ
Abrasion

(c) ঘর্ষণ
Attrition

(d) লম্ফদান
Saltation

(xii) সমুদ্রপৃষ্ঠে বায়ুর গড় চাপ হল

The mean air pressure at sea level is

(a) ১০১২·২ মিলিবার
1012·2 mb

(b) ১০১৩·২ মিলিবার
1013·2 mb

(c) ১০১৪·২ মিলিবার
1014·2 mb

(d) ১০১৫·২ মিলিবার
1015·2 mb

(xiii) ভারতের সর্ববৃহৎ নদী পরিকল্পনাটি হল

The largest river valley project of India is

(a) হিরাকুঁদ
Hirakund

(b) ভাকরা-নাঙ্গাল
Bhakra-Nangal

(c) নাগার্জুন সাগর
Nagarjun Sagar

(d) রাণাপ্রতাপ সাগর
Rana Pratap Sagar

(xiv) লেনা নদীর উৎস হল

Source of the river Lena is

(a) সায়ান পর্বত
Sayan mountain

(b) আলতাই পর্বত
Altai mountain

(c) ইয়াব্লোনয় পর্বত
Yablonoi mountain

(d) বৈকাল হ্রদ
Lake Baikal

## বিভাগ-'খ'

## Group-B

**2.** **2.1** নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো (*যে কোনো ছয়টি*)ঃ

If the statements are true, write 'T' and if false, write 'F' against the following (answer *any six*): 1×6=6

2.1.1 ভুটানের রাজধানী হল কলকাতা।

The capital of Bhutan is Kolkata.

2.1.2 পশ্চিমবঙ্গের ভাগীরথী নদীর দক্ষিণ অংশের নাম হুগলী নদী।

The southern part of Bhagirathi river in West Bengal is called Hooghly river.

2.1.3 বায়ুর চাপমাপক যন্ত্র হল ব্যারোমিটার।

Barometer is the pressure measuring instrument.

2.1.4 সূর্য ও চন্দ্র যখন পৃথিবীর সাথে এক সমকোণে থাকে তখন সিজিগি হয়।

Syzygy occurs when moon lies at right angle to the sun in respect of the earth.

2.1.5 সমুদ্রে ভাসমান বরফের স্তূপকে হিমশৈল বলে।
Floating ice mass in the sea is called iceberg.

2.1.6 লোক্‌টাক্ ভারতের বৃহত্তম উপহ্রদ।
Loktak is the largest lagoon of India.

2.1.7 ভারতের একটি বনজভিত্তিক শিল্প হল কাগজ শিল্প।
One of the forest based industries of India is Paper Industry.

**2.2** উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (*যে কোনো ছয়টি*) ঃ
Fill in the blanks with suitable words (answer *any six*): 1×6=6

2.2.1 ভারতের দীর্ঘতম হিমবাহটি হল __________।
India’s largest glacier is __________.

2.2.2 ব্যাসল্ট একটি __________ আগ্নেয় শিলা।
Basalt is __________ igneous rock.

2.2.3 সুইৎজারল্যান্ডের __________ হল একটি নদী সৃষ্ট হ্রদ।
A river born lake of Switzerland is __________.

2.2.4 __________ তাপমাত্রায় জলীয় বাষ্প ছোটো জলকণায় পরিণত হয়।
In __________ temperature water vapour transforms into tiny water droplets.

2.2.5 __________ মৃত্তিকা ম্যানগ্রোভ অরণ্যের জন্য আদর্শ।
__________ soil is ideal for growth of mangrove forest.

2.2.6 দক্ষিণ ভারতের সর্বোচ্চ শৃঙ্গ হল __________।
The highest mountain peak of South India is __________.

2.2.7 উত্তর-পশ্চিম ভারতে গ্রীষ্মকালে সৃষ্ট ধূলিঝড়কে বলে __________।
The dust storms developed during summer seasons in North-West India is known as __________.

**2.3** একটি বা দুটি শব্দে উত্তর দাও (*যে কোনো ছয়টি*) ঃ
Answer in one or two words (*any six*): 1×6=6

2.3.1 কোন দিনটিতে উত্তর গোলার্ধে ক্ষুদ্রতম রাত্রি ঘটে?
In which day the shortest night in Northern hemisphere occurs?

2.3.2 একটি মিলেট জাতীয় শস্যের উদাহরণ দাও।
Give example of a millet crop.

2.3.3 ভারতের পশ্চিম উপকূলে অবস্থিত একটি বন্দরের নাম লেখো।
Write the name of one port located in West Coast of India.

2.3.4 গঙ্গা নদীর প্রধান উপনদীর নাম কী?
What is the name of main tributary of the Ganga river?

2.3.5 ভূমিকম্পের তীব্রতা মাপা হয় কোন স্কেলে?

In what scale the magnitude of earthquake is measured?

2.3.6 ভারতের কোন রাজ্য ইক্ষু উৎপাদনে প্রথম স্থানের অধিকারী?

Which state of India ranks first in sugarcane production?

2.3.7 মেরু অঞ্চলে কোন উচ্চতায় হিমরেখা দেখা যায়?

At which altitude the snowline is found in polar region?

2.3.8 তুরানের সমভূমি কোন প্রকার সমভূমির উদাহরণ?

What type of example of plains is the lowland of Turan?

**2.4** বামদিকের সাথে ডানদিকেরগুলি মিলিয়ে লেখো ঃ

Match the left column with the right: 1×4=4

| বামদিক<br>Left Column | ডানদিক<br>Right Column |
|---|---|
| 2.4.1 মরুস্থলী<br>Marusthali | 1. কার্পাস বয়ন শিল্প<br>Cotton Textile Industry |
| 2.4.2 আহমেদাবাদ<br>Ahmedabad | 2. শতদ্রু নদী<br>Sutlej river |
| 2.4.3 পাট<br>Jute | 3. রাজস্থান<br>Rajasthan |
| 2.4.4 ভাকরা-নাঙ্গাল বাঁধ<br>Bhakra-Nangal dam | 4. তন্তু ফসল<br>Fibre crop |

## বিভাগ-‘গ’

## Group-C

**3.** নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

Answer the following in brief (alternatives should be noted): 2×6=12

3.1 আন্তর্জাতিক তারিখ রেখা কাকে বলে?

What is International Date Line?

*অথবা,*

*Or,*

সূর্যের উত্তরায়ণ কোন সময়ে ঘটে?

When does northward march of the sun begin?

3.2 অধঃক্ষেপণ কাকে বলে?

Define precipitation.

*অথবা,*

*Or,*

মোনাডনক কী?

What is Monadnock?

3.3 সমপ্রেষরেখা কাকে বলে?

What is Isobar?

*অথবা,*

*Or,*

সমোষ্ণরেখা কাকে বলে?

What is isotherm?

3.4 কৃষ্ণা ও নর্মদা নদীর উৎসস্থলের নাম লেখো।

Write the sources of Krishna and Narmada river.

*অথবা,*

*Or,*

'তাল' কী?

What is 'Tal'?

3.5 সবুজ বিপ্লব কী?

What is Green Revolution?

*অথবা,*

*Or,*

ভারতের অভ্র উত্তোলক দুটি রাজ্যের নাম লেখো।

Name two mica producing states of India.

3.6 মায়ানমারে কী কী খনিজ পাওয়া যায়?

What are the minerals found in Myanmar?

*অথবা,*

*Or,*

নেপালের দুটি নদীর নাম লেখো।

Name two rivers of Nepal.

**বিভাগ-'ঘ'**

**Group-D**

**4.** সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ

Give answer in short explanation (alternatives should be noted): 3×4=12

4.1 ঝুলন্ত উপত্যকা কীভাবে সৃষ্টি হয়?

How is hanging valley formed?

*অথবা,*

*Or,*

অনুদৈর্ঘ্য বালিয়াড়ি কীভাবে গড়ে ওঠে?

How is seifdune developed?

4.2 ভরা জোয়ার ও মরা জোয়ারের তুলনামূলক আলোচনা করো।

Write a comparative discussion on spring tide and neap tide.

*অথবা,*

*Or,*

অনুদৈর্ঘ্য বালিয়াড়ি ও তির্যক বালিয়াড়ির মধ্যে পার্থক্য করো।

Differentiate between seifdune and transverse dunes.

4.3 কী ধরনের জলবায়ুতে পাট চাষ ভালো হয়?

In which climate condition jute grows best?

*অথবা,*

*Or,*

ভারতে দ্রুত জনসংখ্যা বৃদ্ধির কারণগুলি উল্লেখ করো।

Mention the factors for fast growth of population in India.

4.4 পূর্বঘাট ও পশ্চিমঘাট পর্বতমালার মধ্যে তিনটি পার্থক্য লেখো।

Write three differences between Eastern and Western Ghat mountain ranges.

*অথবা,*

*Or,*

ভূমিকম্পের কারণগুলি লেখো।

Write the causes of earthquake.

**বিভাগ-'ঙ'**

**Group-E**

[দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয়]

**5.1** *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* questions from the following: 5×2=10

5.1.1 হিমবাহের ক্ষয়কার্যের ফলে গঠিত যে কোনো দুটি ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও।

Describe with sketches any two landforms carved out by glacier erosion.

5.1.2 নদীর মধ্যগতিতে সঞ্চয়কার্যের ফলে গঠিত তিনটি ভূমিরূপের বর্ণনা দাও।

Describe three landforms produced by depositional work of river in its middle course.

5.1.3 বায়ুমণ্ডলে উষ্ণতার তারতম্যের তিনটি প্রধান কারণ ব্যাখ্যা করো।

Explain three major factors causing temperature variation in the atmosphere.

5.1.4 ২৮ ফেব্রুয়ারী, ২০২১ লন্ডনের (০° দ্রাঘিমা) স্থানীয় সময় যখন সন্ধ্যে ৮টা, তখন কলকাতার (৮৮°৩০′ পূঃ) স্থানীয় সময় ও তারিখ কত?

What would be the local time and date of Kolkata (88°30′ E) when the local time of London (0° longitude) is 8:00 p.m. on February 28, 2021?

**5.2.** *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ

Answer *any two* questions from the following: 5×2=10

5.2.1 ভারতের জনসংখ্যার অসম বণ্টনের পাঁচটি প্রধান কারণ আলোচনা করো।

Discuss five major factors responsible for the uneven distribution of population in India.

5.2.2 দুর্গাপুরে লৌহ ও ইস্পাত কেন্দ্র গড়ে ওঠার কারণগুলি কী কী?

What are the factors responsible for the development of Iron and Steel plant in Durgapur?

5.2.3 ভারতে চা উৎপাদনের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বিবরণ দাও।

Give an account of favourable physical conditions required for cultivation of Tea.

5.2.4 এশিয়া মহাদেশকে বিভিন্ন ভূ-প্রাকৃতিক বিভাগে বিভক্ত করে যে কোনো একটি বিভাগের ভূ-প্রকৃতির বিবরণ দাও।

Divide Asia into different physiographic regions and give an account of any one of them.

## বিভাগ-'চ'

## Group-F

**6.** প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সাথে জুড়ে দাওঃ

Locate the following with appropriate symbols and names on the given outline map of India. Attach the map with your answer paper. 1×10=10

6.1 নীলগিরি পর্বত
Nilgiri mountain

6.2 তাপ্তী নদী
River Tapti

6.3 লোক্‌টাক্ হ্রদ
Loktak lake

6.4 মালাবার উপকূল
Malabar coast

6.5 একটি কৃষ্ণমৃত্তিকা অঞ্চল
A black soil region

6.6 পশ্চিমবঙ্গের একটি লৌহ ইস্পাত শিল্পকেন্দ্র
An iron and steel industrial center of West Bengal

6.7 নতুন দিল্লী
New Delhi

6.8 উত্তর-পূর্ব ভারতের একটি চা উৎপাদক অঞ্চল
One tea producing region of North-East India

6.9 ভারতের শুষ্কতম অঞ্চল
The driest region of India

6.10 পূর্ব ভারতের একটি স্বাভাবিক বন্দর
Natural port of Eastern coast of India

*অথবা,*

*Or,*

শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য

(For sightless candidates only)

*যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাওঃ

Answer *any ten* of the following questions: 1×10=10

6.1 পশ্চিমবঙ্গের একটি লৌহ ইস্পাত শিল্পকেন্দ্রের নাম লেখো।

Name one iron and steel industrial centre of WB.

6.2 ম্যানগ্রোভ অরণ্যের দুটি উদ্ভিদের নাম লেখো।

Name two trees of mangrove forest.

6.3 ভারতের একটি কৃষ্ণ মৃত্তিকা সমৃদ্ধ রাজ্যের নাম লেখো।

Name one state of India rich in black soil.

6.4 দক্ষিণ ভারতের একটি মোটরগাড়ি নির্মাণ কেন্দ্রের নাম লেখো।

Name one automobile manufacturing centre of South India.

6.5 পূর্ব ভারতের একটি ভারী ইঞ্জিনিয়ারিং শিল্পকেন্দ্রের নাম লেখো।

Name one Heavy Engineering Industrial centre of Eastern India.

6.6 বিন্ধ্য ও সাতপুরা পর্বতের মাঝে অবস্থিত গ্রস্ত উপত্যকার নাম লেখো।

Name the rift valley located between Vindhya and Satpura ranges.

6.7 বেঙ্গুয়েলা স্রোত কোন মহাসাগরে বয়ে যায়?

Benguela current flows in which ocean?

6.8 গঙ্গার প্রধান শাখা নদী কোনটি?

Name the main tributary of Ganga.

6.9 বায়ুর চাপ কোন যন্ত্রে মাপা হয়?

By which instrument air pressure measured?

6.10 ভারতের একটি হিমবাহ সৃষ্ট হ্রদের নাম লেখো।

Name one glacier lake of India.

6.11 ভারতের কোন রাজ্যে 'কালবৈশাখী' দেখা যায়?

Name the state experiencing 'Kalbaishakhi'.

6.12 কৃষ্ণা নদী কোন সাগরে মিশেছে?

In which sea has Krishna river flown to?

6.13 পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?

Which is the highest peak of West Bengal.

6.14 ভারতের একটি স্তূপ পর্বতের নাম লেখো।

Name one block mountain of India.

———